চুয়াডাঙ্গায় জাতীয় সমবায় ও পরিসংখ্যান দিবসে নানা কর্মসূচি

চুয়াডাঙ্গায় ৫৫তম জাতীয় সমবায় দিবস, মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভা, জাতীয় পরিসংখ্যান দিবস ও অন্যান্য সরকারি কার্যক্রম উপলক্ষে রবিবার দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে জেলা প্রশাসক লুৎফুন নাহারের সভাপতিত্বে মাসিক আইনশৃঙ্খলা কমিটিসহ বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, অপরাধ নিয়ন্ত্রণ, মাদকদ্রব্যের অপব্যবহার ও পাচার প্রতিরোধ, জননিরাপত্তা নিশ্চিতকরণ এবং জেলার উন্নয়ন ও জনস্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

সভায় পুলিশ সুপার মেহেদী শাহরিয়ার উপস্থিত থেকে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, অপরাধ দমন এবং মাদকবিরোধী কার্যক্রম জোরদারে জেলা পুলিশের গৃহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। তিনি আইনশৃঙ্খলা রক্ষায় সংশ্লিষ্ট সব দপ্তরের সমন্বিত উদ্যোগ ও সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন।

জাতীয় পরিসংখ্যান দিবস উপলক্ষে ‘নির্ভরযোগ্য ও সহজলভ্য পরিসংখ্যান টেকসই উন্নয়ন ও পরিকল্পনার ভিত্তি’ প্রতিপাদ্যে বেলা ১২টায় জেলা প্রশাসন ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক লুৎফুন নাহারের সভাপতিত্বে সভায় নির্ভরযোগ্য পরিসংখ্যানের গুরুত্ব, তথ্যভিত্তিক পরিকল্পনা প্রণয়ন এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পরিসংখ্যানের কার্যকর ব্যবহার নিয়ে আলোচনা করা হয়।

এদিকে ৫৫তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে দুপুর ১টায় চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য র্যালি ও সমবায় মেলার উদ্বোধন করা হয়। দিবসটি উপলক্ষে আয়োজিত কর্মসূচিতে সমবায়ের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়ন, আত্মকর্মসংস্থান সৃষ্টি, উদ্যোক্তা তৈরি এবং সমবায়ভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারণের গুরুত্ব তুলে ধরা হয়।

দিনব্যাপী এসব কর্মসূচিতে পুলিশ সুপার মেহেদী শাহরিয়ারসহ জেলা পুলিশ ও জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।